

# DU 7 Colleges Admission Test : 2020-21



## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সাত কলেজ

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) বিজ্ঞান ইউনিট ভর্তি পরীক্ষা ২০২০-২০২১  
সময়: ১ ঘণ্টা ।। পূর্ণমান: ১০০

1. সরবরাহকৃত প্রশ্নপত্রের ভেতরে OMR উত্তরপত্রে, পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম প্রবেশপত্র অনুযায়ী লিখতে হবে।
2. পরীক্ষার্থীকে রোল ও সিরিয়াল বাংলায় সংখ্যাতে লিখে নির্ধারিত বৃত্ত অবশ্যই ভরাট করতে হবে।
3. পরীক্ষার্থীকে পদার্থবিজ্ঞান ও রসায়নসহ মোট চারটি বিষয়ের উত্তর দিতে হবে। গণিত এবং জীববিজ্ঞান অধ্যয়ন করা সত্ত্বেও কেউ ইচ্ছা করলে চতুর্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দিতে পারবে। চতুর্থ বিষয় ব্যতীত অন্য কোনো বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ের উত্তর দেয়া যাবে না।
4. গণিত/জীববিজ্ঞান/বাংলা/ইংরেজি বিষয়ের যে দুটিতে উত্তর দিবে তার পাশের বৃত্ত অবশ্যই ভরাট করতে হবে।
5. A-Level পর্যায়ে অধ্যয়নকৃত পরীক্ষার্থী পদার্থবিজ্ঞান ও রসায়নসহ অন্য বিষয়সমূহের(গণিত/জীববিজ্ঞান/বাংলা/ইংরেজি) মধ্যে যেকোনো দুটি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় A)।
6. প্রত্যেক প্রশ্নের চারটি উত্তর দেয়া আছে। সঠিক উত্তরটি বেছে নিয়ে OMR উত্তরপত্রের নির্দিষ্ট বিষয়ের ছকে সংশ্লিষ্ট একটি মাত্র ঘর কালো কালির বলপেন দিয়ে ভরাট করতে হবে। প্রশ্নের উত্তরে একাধিক বৃত্ত ভরাট করলে তা ভুল বলে গণ্য হবে।
7. পরীক্ষার মোট নম্বর ১০০। প্রতি বিষয়ে ২৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রয়োজনবোধে প্রশ্নপত্রের ফাকা জায়গায় খসড়া করা যাবে।
8. ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি অথবা যেকোনো ধরনের ইলেক্ট্রনিক যন্ত্র নিয়ে পরীক্ষার হলে প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ এবং কেউ যদি তথ্য গোপন করে এসব যন্ত্র সঙ্গে রাখে, তা পরীক্ষায় অসদুপায় অবলম্বন হিসেবে গণ্য হবে।
9. পরীক্ষার্থীকে দুই কান দৃশ্যমান রাখতে হবে।
10. প্রশ্নপত্র ফেরত দেয়ার প্রয়োজন নেই।

## MCQ অংশ

## পদার্থবিজ্ঞান MCQ অংশ

1. একটি বস্তুর অতিক্রান্ত দূরত্বের সমীকরণ,  $s=2t-3t^2+4t^3$ । যাত্রা শুরু (1 point)  
2 সেকেন্ড পর ত্বরণের মান কত হবে?

- 38  
 42  
 48  
 24

**Explanation:**

দেওয়া আছে,

$$s=2t-3t^2+4t^3$$

$$\text{এখানে, } v=ds/dt=2-6t+12t^2$$

$$\text{এবং } a=dv/dt=-6+24t$$

$$\text{অতএব, } t=2 \text{ হলে } a_{t=2}=-6+48=42 \text{ ms}^{-2}$$

2. একজন মানুষের গড় হৃদযন্ত্রের বিট মিনিটে 75 বার। এর কম্পাঙ্ক ও পর্যায়কাল হবে- (1 point)

- 1.25 Hz , 0.8 s  
 12.5 Hz , 0.08 s  
 0.125 Hz , 0.13 s  
 2.5 Hz , 1.6 s

**Explanation:**

মিনিটে 75বার বিট দেয় মানে , 60s এ কম্পন দেয় 75 বার।

অতএব, 1s এ কম্পন দিবে= $75/60=1.25$  বার=কম্পাঙ্ক।

আর, পর্যায়কাল= $1/\text{কম্পাঙ্ক}=1/1.25=0.8\text{s}$

3. শূন্যস্থানের ভেদন যোগ্যতার( $\epsilon_0$ ) একক কোনটি? (1 point)

- $C^{-2}Nm^{-2}$   
  $C^2N^{-1}m^{-2}$   
  $C^2N^{-2}m^{-1}$   
  $CN^{-1}m^{-2}$

**Explanation:**

$$\therefore F = \frac{1}{4\pi\epsilon} \frac{q_1q_2}{r^2} \quad \dots \quad \dots \quad \dots \quad (2.2)$$

শূন্য বা বায়ু মাধ্যমের মধ্যে কুলম্বের সূত্র নিম্নরূপ :

$$F_0 = \frac{1}{4\pi\epsilon_0} \frac{q_1q_2}{r^2} \quad \dots \quad \dots \quad \dots \quad (2.3)$$

এখানে  $F_0$  হলো শূন্য মাধ্যমে ক্রিয়াশীল বল এবং  $\epsilon_0$  (Epsilon naught) শূন্যস্থানের ভেদনযোগ্যতা বা

ভেদ্যতা।  $\epsilon_0 = 8.854 \times 10^{-12}$  কুলম্ব<sup>2</sup>/নিউটন-মিটার<sup>2</sup> ( $\frac{C^2}{Nm^2}$ ) এবং  $\frac{1}{4\pi\epsilon_0} = 9 \times 10^9$  নিউটন-মিটার<sup>2</sup>/কুলম্ব<sup>2</sup> হয়।

4. একটি অণুর স্বাধীনতার মাত্রা  $f$  হলে, ঐ অণু দ্বারা গঠিত আদর্শ গ্যাসের মোট অভ্যন্তরীণ শক্তি কত হবে? (1 point)

- $f/2$  nRT  
  $3f/2$  nRT  
  $f/2$  RT  
  $3f/2$  RT

**Explanation:**

১০-১৮-২ স্বাধীনতার মাত্রা ও গ্যাসের দুই আপেক্ষিক তাপের অনুপাতের মধ্যে সম্পর্ক

**Relation between degrees of freedom and ratio of two specific heats of a gas**

মনে করি, একটি গ্যাসের প্রতিটি অণুর স্বাধীনতার মাত্রা  $f$ ।

সুতরাং, এক গ্রাম অণু গ্যাসের মোট স্বাধীনতার মাত্রা  $= N_A f$ । এখানে,  $N_A$  হলো অ্যাভোগ্যাড্রো সংখ্যা (Avogadro number).

এখন, যেহেতু প্রতি স্বাধীনতা মাত্রায় শক্তির পরিমাণ  $\frac{1}{2} KT$ , তাই এক গ্রাম অণুর গ্যাসের মোট শক্তি,

$$E = \frac{1}{2} KT N_A f = \frac{1}{2} fRT \quad [\because KN_A = R]$$

5. হাতঘড়ির মিনিটের কাঁটার কৌণিক বেগ কত? (1 point)

- $\pi/3600$  rad  $s^{-1}$   
  $\pi/1800$  rad  $s^{-1}$   
  $\pi/30$  rad  $s^{-1}$   
  $2\pi$  rad  $s^{-1}$

**Explanation:**



$$\omega = \frac{2\pi}{T} \Rightarrow \omega = \frac{2\pi}{3600} = \frac{\pi}{1800} \text{ rads}^{-1}$$

6. একটি তরঙ্গের সমীকরণ  $y=100 \sin(500\pi t)$  হলে এর কম্পাঙ্ক কত? (1 point)

- 250 Hz  
 252 Hz  
 300 Hz

500 Hz

**Explanation:**

আদর্শ সমীকরণ,  $y=A \sin(\omega t)=A \sin(2\pi ft)$

$$y=100 \sin(500\pi t)$$

এখানে,  $2f=500 \Rightarrow f=250 \text{ hz}$

7. রেডনের অর্ধায়ু 6.93 days। এর গড় আয়ু কত?

(1 point)

7 days

8 days

9 days

10 days

**Explanation:**

আমরা জানি,

$$\tau = \frac{T_{\frac{1}{2}}}{0.693} = \frac{6.93}{0.693} = 10 \text{ days}$$

8. একটি কোষের তড়িচ্চালক শক্তি 3.5V এবং অভ্যন্তরীণ রোধ  $1\Omega$ ।  
কোষের প্রান্তদ্বয়  $6\Omega$  দ্বারা যুক্ত করলে কত বিদ্যুৎ প্রবাহিত হবে?

(1 point)

0.5A

5A

3A

4A

**Explanation:**

সূত্রঃ

$$i = \frac{E}{R + r} = \frac{3.5}{6 + 1} = \frac{3.5}{7} = 0.5A$$

9. একটি সরল দোলকের পর্যায়কাল দ্বিগুণ করতে হলে এর দৈর্ঘ্য  
কতগুন বাড়াতে হবে?

(1 point)

4

2

1/2

1/4

Blank

**Explanation:**

সূত্রঃ

$$T = 2\pi\sqrt{\frac{L}{g}}$$

পর্যায়কাল  $T'=2T$  হলে  $L'$  হবেঃ

$$\frac{T'}{T} = \sqrt{\frac{L'}{L}} \Rightarrow \frac{L'}{L} = \left(\frac{2T}{T}\right)^2 = 4$$

$$\Rightarrow L'=4L=3L+L$$

দৈর্ঘ্য বাড়াতে হবে  $3L$ ।

10.  $4 \mu\text{F}$  বিশিষ্ট একটি ধারককে  $9.0\text{V}$  ব্যাটারি দ্বারা আহিত করা হলো। (1 point)  
ধারকটিতে কী পরিমাণ শক্তি সঞ্চিত হবে?

- $1.62 \times 10^{-4} \text{ J}$
- $1.62 \text{ J}$
- $260 \text{ J}$
- $324 \text{ J}$

**Explanation:**

সূত্রঃ  $U = \frac{1}{2} CV^2$

$$U = \frac{1}{2} \times (4 \times 10^{-6}) \times 9^2 = 1.62 \times 10^{-4} \text{ J}$$

11. একটি জলাশয়ের প্রকৃত গভীরতা  $6 \text{ m}$ । যদি পানির প্রতিসরাঙ্ক  $\frac{4}{3}$  (1 point)  
হয় তবে এর আপাত গভীরতা কত?

- $4 \text{ m}$
- $5 \text{ m}$
- $4.5 \text{ m}$
- $5.5 \text{ m}$

**Explanation:**


$$\mu = \frac{u \rightarrow \text{প্রকৃত}}{v \rightarrow \text{আপাত}}$$

$$v = \frac{u}{\mu} = \frac{6}{\frac{4}{3}} = 4.5 \text{ m}$$

12. বিপরীতধর্মী চার্জে চার্জিত দুটি উল্লম্ব, সমান্তরাল এবং অপরিবাহী পাতের (তলমাত্রিক ঘনত্ব  $\sigma$ ) মধ্যবর্তী কোনো স্থানে তড়িৎ প্রাবল্য কত? (1 point)

- $2\sigma/\epsilon_0$   
  $\sigma/\epsilon_0$   
  $\sigma/2\epsilon_0$   
 0

**Explanation:**



$$E = E_1 + E_2$$
$$= \frac{\sigma}{2\epsilon_0} + \frac{\sigma}{2\epsilon_0}$$
$$= \frac{\sigma}{\epsilon_0}$$

13. নিচের কোন রঙের আলোক রশ্মির জন্য একটি উত্তল লেন্সের ফোকাস দূরত্ব সর্বাধিক হবে? (1 point)

- বেগুনি  
 হলুদ  
 সবুজ  
 লাল

**Explanation:**

সূত্রঃ

$$f = (\mu - 1) \left( \frac{1}{r_1} - \frac{1}{r_2} \right)$$

এখানে,  $f \propto (\mu - 1)$

এখানে যেই আলোর প্রতিসরাংক যত বেশি হবে সেই আলোর ফোকাস দূরত্ব তত বেশি হবে। লাল আলোর প্রতিসরাঙ্ক মিনিমাম এবং বেগুনি আলোর ম্যাক্সিমাম।

14. A এবং B এর মধ্যবর্তী কোণ কত হলে (A + B) এবং (A - B) এর মান একই হয়? (1 point)

- $0^\circ$   
  $90^\circ$   
  $120^\circ$   
  $180^\circ$

Explanation:

$$15) |\vec{A} + \vec{B}| = |\vec{A} - \vec{B}|$$

$$\sqrt{A^2 + B^2 + 2AB\cos\alpha} = \sqrt{A^2 + B^2 - 2AB\cos\alpha}$$

$$\Rightarrow 4AB\cos\alpha = 0$$

$$\Rightarrow \alpha = 90^\circ$$

15. একটি দালানের ছাদের সাথে 5 m লম্বা একটি মই অনুভূমিকের সাথে (1 point)  
 $30^\circ$  কোণ করে আছে। 30 kg ভরের একটি বালক 10 kg ভরের একটি  
বস্তু নিয়ে 30 sec এ ছাদে উঠে। বালকটির কৃত কাজের পরিমাণ কত?


- 245 J  
 490 J  
 735 J  
 980 J

Explanation:

$$W = mgh$$

$$= (30 + 10) \times 9.8 \times 2.5$$

$$= 980 \text{ J}$$



$$h = 5 \times \sin 30^\circ$$

$$= 2.5$$

16. কোনো তেজস্ক্রিয় মৌলিক পদার্থ প্রথমে দুটি  $\alpha$  কণা এবং পরবর্তীতে (1 point)  
একটি  $\beta$ - কণা নিঃসরণ করে। এতে পদার্থটির পারমাণবিক সংখ্যার  
পরিবর্তন ঘটে -

- 4

- 3
- 2
- 1

**Explanation:**

আলফা কণা নিঃসরিত হলে পারমানবিক সংখ্যা 2 কমে যায়। দুটা আলফা কণা নিঃসরিত হলে পারমানবিক সংখ্যা 4 কমে যাবে। আর বিটা- নিঃসরিত হলে পারমানবিক সংখ্যা 1 বেড়ে যায়।

তাহলে পরিবর্তন=3

17. একটি আদর্শ গ্যাস সঙ্কুচিত হয়ে নিচে উল্লেখিত বিভিন্ন তাপীয় প্রক্রিয়ায় তার প্রকৃত আয়তনের অর্ধেক আয়তনে হ্রাস পায়। নীচের কোনটিতে সবচেয়ে বেশী কাজ সম্পন্ন হয়? (1 point)

- সমোষ্ণ
- রুদ্ধতাপীয়
- সমআয়তন
- সমচাপীয়

**Explanation:**

**রুদ্ধতাপীয় পরিবর্তনের বৈশিষ্ট্য (Characteristics of adiabatic change)**

- (১) মোট তাপের পরিমাণ স্থির রেখে কোনো গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তনকে রুদ্ধতাপীয় পরিবর্তন বলে।
- (২) এই পরিবর্তনে তাপমাত্রার পরিবর্তন ঘটে।
- (৩) এটি একটি অতি দ্রুত প্রক্রিয়া।
- (৪) এই পরিবর্তনে পাত্রটি তাপ কুপরিবাহী হওয়া প্রয়োজন।
- (৫) এই পরিবর্তনে পাত্রের চতুর্দিকস্থ মাধ্যমের তাপগ্রাহিতা নিম্ন হতে হয়।
- (৬) আদর্শ গ্যাসের রুদ্ধতাপীয় পরিবর্তনের সমীকরণ হলো,  $PV^\gamma = \text{ধ্রুবক}$ ।
- (৭) রুদ্ধতাপীয় লেখ সমোষ্ণ লেখ হতে অধিক খাড়া।

18. সূর্যের ভরের কাছাকাছি কোনো নক্ষত্র যখন সুপারনোভা হিসাবে বিস্ফোরিত হয় তখন তাকে বলা হয় - (1 point)

- সুপার স্টার
- ব্ল্যাক স্টার
- নিউট্রন স্টার
- পজিট্রন স্টার

**Explanation:**

যেসব তারকারা আমাদের সূর্যের চেয়ে আকারে দ্বিগুণ বা বেশি, তাদের কেন্দ্রীয় অংশ মাধ্যাকর্ষণজনিত চাপে আরও সঙ্কুচিত হতে থাকে। একসময় প্রচণ্ড উজ্জ্বলতা সৃষ্টি করে তারকাটি বিস্ফোরিত হয়। এ বিস্ফোরণকে বলা হয় সুপার নোভা (Super Nova)। এর ফলে তারকাটি বেশ ওজন হারায় [চিত্র ১১.১৪(জ)]।

তারপর যা অবশিষ্ট থাকে, তা আরো সঙ্কুচিত হয়ে ক্ষুদ্র এবং ঘন হয়। তখন এর কোর বা মূলবস্তুর চাপ এত বেশি হয় যে, প্রোটন ও ইলেকট্রন একত্রিত হয়ে নিউট্রন গঠন করে। একে নিউট্রন তারকা (Neutron star) বলা হয়। নিউট্রন তারকার সাথে জড়িত থাকে অতি উচ্চ চৌম্বকক্ষেত্র। কতকগুলো নিউট্রন তারকা রেডিও তরঙ্গ (Radio wave) বিকিরণ করে। এদের বলা হয় পালসারস (Pulsars)।

19. একটি গোলকের ব্যাসার্ধ পরিমাপে 1.2% ভুল হলে ঐ গোলকের আয়তন পরিমাপে শতকরা কত ভুল হবে? (1 point)

- 1.2%
- 2.64%
- 3.6%
- 2.4%

**Explanation:**

$$14) V = \frac{4}{3} \pi r^3$$

$$\frac{\Delta V}{V} = 3 \frac{\Delta r}{r} = 3 \times 1.2\% = 3.6\%$$

20. কোন ভৌত প্রক্রিয়া শব্দ তরঙ্গ দ্বারা প্রদর্শিত হয়না? (1 point)

- প্রতিসরণ
- সমবর্তন
- ব্যতিচার
- অপবর্তন

**Explanation:**

সমবর্তন দ্বারা প্রদর্শিত হয়না।

21.  $c/\sqrt{2}$  বেগের একটি প্রোটনের গতিশক্তি  $1.414 m_0 c^2$  এর ভরবেগ কত? (1 point)

- $m_0 c$
- $\sqrt{2} m_0 c$
- $\sqrt{3} m_0 c$
- $2 m_0 c$

**Explanation:**

$$E_k = \frac{p^2}{2m} \quad \left( m = \frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}} \right)$$

$$p = \sqrt{2mE_k} = \frac{m_0}{\sqrt{1 - \frac{1}{2}}} = \sqrt{2} m_0$$


$$= \sqrt{2 \times \sqrt{2} m_0 \times 1.414 m_0 c^2} = \sqrt{2 \times \sqrt{2} \times \sqrt{2}} m_0 c \quad (\because \sqrt{2} = 1.414)$$

$$= 2 m_0 c$$

22. কোনো একটি কণা A (3,5,7) বিন্দু থেকে B (5,6,7) বিন্দুতে স্থানান্তরিত (1 point)  
হলে কণাটির সরণ ভেক্টর কত?

- $\vec{i} + \vec{j} + 7\vec{k}$
- $2\vec{i} + 2\vec{j} + \vec{k}$
- $2\vec{i} + \vec{j}$
- $8\vec{i} + 11\vec{j} + 14\vec{k}$

Explanation:



23.  $P_1$  চাপে কোনো গ্যাসকে একটি পাত্রে রাখা হলো। যদি সেই গ্যাস (1 point)  
অণুর ভরকে অর্ধেক এবং দ্রুতিকে দ্বিগুণ করা হয়, তবে চূড়ান্ত চাপ  
কত হবে?

- $P_1/2$
- $P_1$
- $2P_1$

4P<sub>1</sub>

**Explanation:**

$$C = \sqrt{\frac{3PV}{m}} \rightarrow \text{একটি অনুব. বে.}$$

একটি অনু. বে. হুতি

$$\frac{C'}{C} = \sqrt{\frac{P'm}{Pm'}}$$

$$\Rightarrow \sqrt{\frac{P'}{P}} \times \sqrt{2} = 2$$

$$\Rightarrow \sqrt{\frac{P'}{P}} = \sqrt{2} \therefore P' = 2P$$

24. তলটানের মাত্রা কোনটি?

(1 point)

- MT<sup>-2</sup>
- MT<sup>2</sup>L<sup>-1</sup>
- MLT<sup>-1</sup>
- ML<sup>-1</sup>T<sup>-2</sup>

**Explanation:**

পৃষ্ঠটানের একক (Unit of surface tension)

পৃষ্ঠটান একটি প্রাকৃতিক রাশি। অতএব এর একক আছে।

এম. কে. এস. ও এস. আই. বা আন্তর্জাতিক পদ্ধতিতে পৃষ্ঠটানের নিরপেক্ষ একক নিউটন/মিটার (Nm<sup>-1</sup>)।

পৃষ্ঠটানের মাত্রা সমীকরণ (Dimension of surface tension)

$$\text{পৃষ্ঠটান} = \frac{\text{বল}}{\text{দৈর্ঘ্য}}$$

∴ এর মাত্রা সমীকরণ,

$$[\text{পৃষ্ঠটান}] = \frac{[\text{বল}]}{[\text{দৈর্ঘ্য}]} = \frac{[MLT^{-2}]}{[L]} = [MT^{-2}]$$

পৃষ্ঠ শক্তির একক ও মাত্রা সমীকরণ পৃষ্ঠটানের অনুরূপ।

25. আয়তন অপরিবর্তিত রেখে 5Ω রোধের একটি তামার তারকে টেনে দ্বিগুণ লম্বা করা হল এই অবস্থায় তারটির রোধ কত হবে? (1 point)

- 10Ω
- 15Ω
- 20Ω
- 25Ω

**Explanation:**

সূত্রঃ  $R'=n^2R=2^2 \times 5=4 \times 5=20$

## রসায়ন MCQ অংশ

26. গামা রশ্মির ক্ষেত্রে কোন উক্তিটি সঠিক?

(1 point)

- ধনাত্মক আধানযুক্ত পাত দ্বারা বিক্ষিপ্ত হয়
- ঋণাত্মক আধানযুক্ত পাত দ্বারা বিক্ষিপ্ত হয়
- বাহ্যিক ক্ষেত্রে দ্বারা প্রভাবিত হয় না
- এটি ইলেকট্রন

**Explanation:**

আলফা, বিটা, গামা ও এক্স রশ্মির তুলনামূলক পর্যালোচনা

ধর্ম	আলফা কণা	বিটা কণা	গামা রশ্মি	এক্স রশ্মি
বৈশিষ্ট্য	ধনাত্মক আধানযুক্ত হিলিয়াম নিউক্লিয়াস	উচ্চ দ্রুতিতে চলমান ইলেকট্রন	তাড়িতচৌম্বক তরঙ্গ	তাড়িতচৌম্বক তরঙ্গ
ভর	$6.694 \times 10^{-27}$ kg	$9.1 \times 10^{-31}$ kg	ভরহীন	ভরহীন
আধানের প্রকৃতি	ধনাত্মক	ঋণাত্মক	নিরপেক্ষ	নিরপেক্ষ
আধানের পরিমাণ	$3.2 \times 10^{-19}$ C	$1.6 \times 10^{-19}$ C	আধান নেই	আধান নেই
বেগ	$1.4 - 2.3 \times 10^7$ m s <sup>-1</sup>	$1.10 - 2.96 \times 10^8$ m s <sup>-1</sup>	$3 \times 10^8$ m s <sup>-1</sup>	$3 \times 10^8$ m s <sup>-1</sup>
পাল্লা	2.7 - 8.62 cm বায়ু	1 mm সীসা, 5 mm অ্যালুমিনিয়াম	30 cm লোহা	কয়েক সেমি মাংস
তরঙ্গদৈর্ঘ্য	নেই	নেই	$1.37 \times 10^{-10}$ m থেকে $7.1 \times 10^{-14}$ m	$10^{-8} - 10^{-10}$ m
তড়িৎ ও চৌম্বক ক্ষেত্রের প্রভাব	বিচ্যুত হয়	বিচ্যুত হয়	বিচ্যুত হয় না	বিচ্যুত হয় না

27. 4f অরবিটালের একটি ইলেকট্রনের ক্ষেত্রে নিচের কোন কোয়ান্টাম সংখ্যার সেটটি সঠিক?

(1 point)

- $n=4, l=3, m=+4, s=+1/2$
- $n=4, l=2, m=-2, s=+1/2$
- $n=4, l=3, m=+1, s=+1/2$
- $n=4, l=3, m=-4, s=-1/2$

**Explanation:**

$l=3$  হলে  $m=+4$  সম্ভব না কারণ  $m$  এর মান হলো -1 থেকে +1 পর্যন্ত।

$l=3$  হলে  $m$  এর মান = -3, -2, -1, 0, +1, +2, +3

আর,  $m > l$  হতে পারবে না।

28. IUPAC সিস্টেমে  $\text{CH}_3\text{-C}(\text{CH}_3)=\text{CH-CH}_2\text{-CH}(\text{CH}_3)_2$  যৌগটির নাম কি?

(1 point)





অর্থো-প্যারা নির্দেশক গ্রুপ :  $-\text{CH}_3, -\text{NH}_2, -\text{OH}, -\text{OCH}_3, -\text{Cl}$ :

অর্থো-প্যারা নির্দেশক গ্রুপের বৈশিষ্ট্য : (১) অর্থো-প্যারা নির্দেশক গ্রুপের ধনাত্মক আবেশীয় ধর্ম (+ 1) থাকে।  
যেমন, অ্যালকাইল মূলকসমূহ,  $-\text{CH}_3, -\text{C}_2\text{H}_5$  ইত্যাদি।


(২) অর্থো-প্যারা নির্দেশক গ্রুপের কমপক্ষে একটি নিঃসঙ্গ ইলেকট্রন যুগল থাকে, যা ধনাত্মক মেসোমারিক ফল ঘটাতে পারে। যেমন,  $-\text{NH}_2, -\text{OH}, -\text{OCH}_3, -\text{Cl}$ : ইত্যাদি।

34. নিচের যৌগগুলোর মধ্যে কোনটি জ্যামিতিক সমাণুতা প্রদর্শন করে?

(1 point)

- $\text{H}_3\text{C}-\text{CH}_2-\text{CH}=\text{CH}_2$
- $(\text{H}_2\text{C})_2\text{C}=\text{CHCH}_3$
- $\text{H}_3\text{C}-\text{CH}=\text{C}(\text{Cl})\text{Br}$
- $\text{CH}_2\text{CH}=\text{CH}_2$

Explanation:




35.  $\text{CH}_3-\text{CH}=\text{CH}-\text{C}\equiv\text{CH}$  যৌগে  $\sigma$ - (সিগমা) বন্ধনের সংখ্যা কতটি?

(1 point)

- 7
- 8
- 9
- 10

Explanation:



36.  $MgCl_2$  দ্রবণ হতে 1mol Mg সঞ্চিত করতে কত ফ্যারাডে বিদ্যুৎ প্রয়োজন হবে?

(1 point)

- 1F  
 2F  
 3F  
 4F

**Explanation:**

$M^{n+}$  এর জন্য 1mol সঞ্চিত করতে nF বিদ্যুৎ দিতে হবে।

এখানে,  $Mg^{2+}$  এর জন্য 2F লাগবে/

37. নিম্নের বিকিরণগুলোর মধ্যে কোনটির শক্তি সবচেয়ে বেশি?

(1 point)

- Infrared  
 Visible  
 Ultraviolet  
 Microwave

**Explanation:**

নিচের ছকে তড়িৎ চুম্বকীয় বর্ণালির গুরুত্বপূর্ণ বিভিন্ন অঞ্চলে তরঙ্গদৈর্ঘ্য, ফ্রিকুয়েন্সি ও বিভিন্ন ব্যবহার উল্লেখ করা হলো :

তড়িৎ চুম্বকীয় বিকিরণ অঞ্চল	তরঙ্গদৈর্ঘ্য পরিসর	ফ্রিকুয়েন্সি পরিসর	গুরুত্বপূর্ণ ব্যবহার
১। রেডিও ওয়েভ অঞ্চল :	10 km – 1 mm	3 kHz – $3 \times 10^{11}$ Hz	১। রেডিও-টিভির সিগনাল ও MRI যন্ত্রে ব্যবহৃত হয়।
২। মাইক্রোওয়েভ অঞ্চল :	1 mm – 1 m	$3 \times 10^8$ Hz – $3 \times 10^{11}$ Hz	২। Wi-Fi, মোবাইল ফোন সিগনাল ও মাইক্রো ওভেনে ব্যবহৃত হয়।
৩। অবলোহিত (IR) অঞ্চল :	1 mm – 780 nm	$3 \times 10^{11}$ Hz – $385 \times 10^{12}$ Hz	৩। রিমোট কন্ট্রোল, অপটিক্যাল ফাইবার মাধ্যমে যোগাযোগ ও ফিজিওথেরাপিতে ব্যবহৃত হয়।
৪। দৃশ্যমান অঞ্চল :	780 nm – 380 nm	$385 \times 10^{12}$ Hz – $790 \times 10^{12}$ Hz	৪। সালোকসংশ্লেষণ ও বিশ্লেষণী রসায়নে পদার্থের পরিমাণ নির্ণয়ে ব্যবহৃত।
৫। অতিবেগুনি (UV) :	380 nm – 10 nm	$790 \times 10^{12}$ Hz – $3 \times 10^{16}$ Hz	৫। জ্বালানী টাঙ্ক ও জ্বালানী পাসপোর্ট শনাক্তকরণে ব্যবহৃত হয়।
৬। X-ray অঞ্চল :	10 nm – 0.01 nm	$3 \times 10^{16}$ Hz – $3 \times 10^{19}$ Hz	৬। চিকিৎসা বিজ্ঞানে দেহের অভ্যন্তরের প্রতিচ্ছবি তোলায় কাজে ব্যবহৃত হয়।
৭। গামা ( $\gamma$ ) Ray অঞ্চল :	Less than 0.01 nm	$> 3 \times 10^{19}$ Hz	৭। ক্যান্সার রোগের চিকিৎসা ও খাদ্যশস্যে অণুবীজ ধ্বংস করতে ব্যবহৃত হয়।

38. রাসায়নিক বিক্রিয়ায় একটি প্রভাবক কিসের পরিবর্তন ঘটায়?

(1 point)

- এন্ট্রপি  
 এনথালপি  
 দ্রবণ তাপ

## ● সক্রিয় শক্তি

### Explanation:

**প্রভাবকের বৈশিষ্ট্য :** প্রভাবক কিছু সুনির্দিষ্ট বৈশিষ্ট্য প্রদর্শন করে। তন্মধ্যে উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলো হলো—

১. প্রভাবকের কাজ শুধু বিক্রিয়ার বেগকে বৃদ্ধি বা হ্রাস করা বিক্রিয়ার প্রারম্ভিক মুহূর্তে বা সমাপ্তিতে তার কোনো ভূমিকা নেই।
২. নির্দিষ্ট বিক্রিয়ায় একটি প্রভাবক কাজ করে। অর্থাৎ প্রভাবকের কার্যকারিতা সুনির্দিষ্ট।
৩. বিক্রিয়ার শেষে প্রভাবকের রাসায়নিক গঠন ও ভর অপরিবর্তিত থাকে।
৪. প্রভাবন ক্রিয়া সম্পাদনে সামান্য পরিমাণ প্রভাবকের উপস্থিতি যথেষ্ট।
৫. প্রভাবক সংশ্লিষ্ট বিক্রিয়ার প্রয়োজনীয় সক্রিয় শক্তির হ্রাস বা বৃদ্ধি ঘটিয়ে বিক্রিয়ার বিকল্প পথ সৃষ্টি করে।
৬. প্রভাবকসমূহ হলো মূলত অবস্থান্তর মৌল ও তাদের যৌগসমূহ। এছাড়া অষ্টক অপূর্ণ মৌলসমূহও প্রভাবকরূপে কাজ করে।
৭. কোনো উভমুখী বিক্রিয়ার গতির উপর প্রভাবকের প্রভাব থাকলেও সাম্যাবস্থার পরিবর্তন ঘটে না।

39. নিচের কোন অক্সাইডটি সর্বাধিক অম্লীয়? (1 point)

- CO
- SiO<sub>2</sub>
- P<sub>2</sub>O<sub>5</sub>
- CO<sub>2</sub>

### Explanation:

নিম্ন জারণ সংখ্যার অধাতব অক্সাইড সাধারণত নিরপেক্ষ হয়। যেমন— CO, N<sub>2</sub>O, NO ইত্যাদি হলো নিরপেক্ষ অক্সাইড।

সারণি-৩.৫ : ২য় ও ৩য় পর্যায়ের মৌলের অক্সাইড

		সমযোজী বৈশিষ্ট্যের বৃদ্ধি ক্রম							
		1	2	13	14	15	16	17	18
		1A	2A	3A	4A	5A	6A	7A	8A
আয়নিক বৈশিষ্ট্যের বৃদ্ধি ক্রম	↑	Li ধাতু Li <sub>2</sub> O সবল ক্ষার	Be ধাতু BeO উভধর্মী	B অধাতু B <sub>2</sub> O <sub>3</sub>	C অধাতু CO <sub>2</sub>	N অধাতু N <sub>2</sub> O <sub>5</sub>			
	↓	Na ধাতু Na <sub>2</sub> O সবল ক্ষার	Mg ধাতু MgO দুর্বল ক্ষারক	Al ধাতু Al <sub>2</sub> O <sub>3</sub> উভধর্মী	Si অধাতু SiO <sub>2</sub> মৃদুঅম্লীয়	P অধাতু P <sub>4</sub> O <sub>10</sub> P <sub>4</sub> O <sub>6</sub>	S অধাতু SO <sub>3</sub> SO <sub>2</sub>	Cl অধাতু Cl <sub>2</sub> O <sub>7</sub> Cl <sub>2</sub> O	

দ্রষ্টব্য : অধাতুর দুটি অক্সাইডের বেলায় উচ্চ জারণ সংখ্যার অক্সাইড অধিকতর অম্লধর্মী ও সবল এসিড তৈরি করে; কিন্তু নিম্নজারণ সংখ্যার অক্সাইড মৃদু অম্লীয় হয় এবং দুর্বল অম্ল তৈরি করে।

40. হাইড্রোজেনের পারমাণবিক বর্ণালীর কোন সিরিজটি দৃশ্যমান আলোক অঞ্চলে দেখা যায়? (1 point)

- প্যাশ্চেন
- বামার
- লাইমেন
- ব্রাকেট

### Explanation:

H-পরমাণুর বামার সিরিজে বিভিন্ন রেখা বর্ণালির তরঙ্গদৈর্ঘ্য, তরঙ্গ সংখ্যা ও বর্ণ দেখানো হলো :

ইলেকট্রনের ধাপান্তর $n_2$ হতে $n_1$ অরবিটে	তরঙ্গ সংখ্যা $\bar{\nu}$ ( $\text{cm}^{-1}$ )	তরঙ্গদৈর্ঘ্য $\lambda$ (nm)	সৃষ্ট রেখার বর্ণ	রেখা বর্ণালির নাম
(1) ( $n_2 = 3$ ) $\rightarrow$ ( $n_1 = 2$ ) or, M শেল $\rightarrow$ L শেলে	$\bar{\nu} = R_H \left[ \frac{1}{2^2} - \frac{1}{3^2} \right] = \frac{5R_H}{36}$	656.3 nm	লাল (red)	$H_{\alpha}$ ১ম সারি
(2) ( $n_2 = 4$ ) $\rightarrow$ ( $n_1 = 2$ ) or, N শেল $\rightarrow$ L শেলে	$\bar{\nu} = R_H \left[ \frac{1}{2^2} - \frac{1}{4^2} \right] = \frac{3R_H}{16}$	486.1 nm	নীলাভ সবুজ (bluish green)	$H_{\beta}$ ২য় সারি
(3) ( $n_2 = 5$ ) $\rightarrow$ ( $n_1 = 2$ ) or, O শেল $\rightarrow$ L শেলে	$\bar{\nu} = R_H \left[ \frac{1}{2^2} - \frac{1}{5^2} \right] = \frac{21R_H}{100}$	434.1 nm	নীল (blue)	$H_{\gamma}$ ৩য় সারি
(4) ( $n_2 = 6$ ) $\rightarrow$ ( $n_1 = 2$ ) or, P শেল $\rightarrow$ L শেলে	$\bar{\nu} = R_H \left[ \frac{1}{2^2} - \frac{1}{6^2} \right] = \frac{8R_H}{36}$	410.1 nm	বেগুনি (violet)	$H_{\delta}$ ৪র্থ সারি

দ্রষ্টব্য : (১) তরঙ্গদৈর্ঘ্য ( $\lambda$ ) দীর্ঘতম হলে,  $n_2$  এর মান ক্ষুদ্রতম হবে।

(২) তরঙ্গদৈর্ঘ্য ( $\lambda$ ) ক্ষুদ্রতম হলে,  $n_2$  এর মান সবচেয়ে বড় হবে। তখন  $\frac{1}{n^2} = 0$  হবে।

41. নিচের কোনটি বন্ধন শক্তির মান সবচেয়ে বেশী?

(1 point)

- C-1  
 C-Br  
 C-Cl  
 C-F

Explanation:

বিভিন্ন গড় বন্ধন শক্তির মান :

বন্ধন	বন্ধন শক্তি $\text{kJ mol}^{-1}$
C-C	347
$>C=C<$	614
C=C	839
C=O	799
C-H	413
H-H	432
N=O	607
C $\equiv$ C	891
N $\equiv$ N	941
C-O	358
N-O	201
O-O	204

O-H	467.0
O=O	498.0
N-H	391.0
H-F	565.0
H-Cl	427
H-Br	363
H-I	295
Cl-Cl	243
C-F	453
C-Cl	492
C-Br	276
Si-H	323
Si-F	565

Si-Cl	381
Si-Br	310
Si-I	234
S-H	347
S-S	266
Br-Br	193
I-I	151
C=N	615

42. আয়তনমিতি টাইট্রেশনে নির্দিষ্ট পরিমান দ্রবণ কনিক্যাল ফ্লাস্কে নিতে ব্যবহৃত হয় কোনটি?

(1 point)

- বিকার  
 ব্যুরেট  
 পিপেট  
 মাপন সিলিন্ডার

Explanation:

(৪) পিপেট (Pipette) : পরিচিতি : পিপেট প্রধানত দু'প্রকার- সাধারণ পিপেট ও দাগাক্তিত পিপেট (graduated pipette)। সাধারণ পিপেট দু'মুখ খোলা সরু একট কাচ নল দ্বারা নির্মিত। নিচের মুখটি অপেক্ষাকৃত বেশি সরু এবং মাঝখানে মোটা বাহু থাকে (চিত্র-১.১০ (ক))। ওপরের দিকে নলের চার পাশে একটি দাগ দিয়ে পিপেটের আয়তন নির্ধারণ করা থাকে। বিভিন্ন পিপেট 0.5 mL থেকে শুরু করে 50 mL পর্যন্ত বিভিন্ন আয়তনের হয়ে থাকে।

ব্যবহার : পরীক্ষাগারে একটি নির্দিষ্ট আয়তনের প্রস্তুত দ্রবণকে এক পাত্র থেকে অন্য পাত্রে নেয়ার জন্য পিপেট ব্যবহৃত হয়। পিপেটকে বাম হাতে মাঝখানে ধরে সরু মুখবিশিষ্ট প্রান্তটিকে তরল পদার্থের পাত্রে ডুবিয়ে রেখে অপর প্রান্তটি ঠোঁটে চেপে রেখে ধীরে ধীরে শোষণ টানে বা sucking করে তরলটিকে পিপেটের গোলাকার দাগের কিছু ওপর পর্যন্ত নিতে হয়। তারপর ডান হাতের বৃদ্ধাঙ্গুলির পেট দিয়ে পিপেটের ঐ প্রান্তটিকে চট করে চেপে ধরে এবং ধীরে ধীরে হালকা করে সতর্কতার সাথে বাতাস ঢুকালে তরলটি নিচে নামতে থাকে। যখন তরলটির নিচের তলটি (lower meniscus) গোলাকার দাগ পর্যন্ত আসে, তখন বৃদ্ধাঙ্গুলি চেপে রেখে পিপেটটিকে সরিয়ে অপর পাত্রে যেমন কনিক্যাল ফ্লাস্কে তরলটিকে নেয়া হয়। Sucking কাজটা মুখ দিয়ে না করে rubber sucker বা pipette filler দিয়েও করা যায়। [চিত্র-১.১২(ক) ও (খ)]

43.  $^{30}_{14}\text{Si}$  ও  $^{31}_{15}\text{Si}$  পরস্পরের-

(1 point)

- আইসোটোন
- আইসোবার
- আইসোমার
- আইসোটোপ

**Explanation:**

আইসোটোন = নিউট্রন সংখ্যা সমান থাকবে।

নিউট্রন সংখ্যা = ভর সংখ্যা - প্রোটন সংখ্যা।

44.  $\text{SnCl}_2 + 2\text{FeCl}_3 \rightarrow \text{SnCl}_4 + 2\text{FeCl}_2$  বিক্রিয়ায় কোনটি সত্য?

(1 point)

- Sn জারিত হয়েছে
- Fe জারিত হয়েছে
- Cl জারিত হয়েছে
- Cl বিজারিত হয়েছে

**Explanation:**

$\text{SnCl}_2$  তে Sn এর জারণমান +2

$\text{SnCl}_4$  তে Sn এর জারণমান +4

এখানে জারণমান 2+ একক বেড়েছে, মানে Sn দুটি ইলেক্ট্রন ত্যাগ করেছে বা জারিত হয়েছে।

45.  $\text{HSO}_4^-$  আয়নের অণুবন্ধী এসিড কোনটি?

(1 point)

- $\text{H}_2\text{SO}_4$
- $\text{SO}_4^{2-}$
- $\text{H}_3\text{O}^+$
- $\text{H}_2\text{O}$

**Explanation:**

১.  $\text{H}_2\text{O}$  অণুর ক্ষেত্রে :  
এসিড ধর্ম :  $\text{H}_2\text{O} + \text{NH}_3 \rightleftharpoons \text{NH}_4^+ + \text{OH}^-$  (প্রোটন দান)  
ক্ষারকীয় ধর্ম :  $\text{H}_2\text{O} + \text{HCl} \rightleftharpoons \text{Cl}^- + \text{H}_3\text{O}^+$  (প্রোটন গ্রহণ)
২.  $\text{HCO}_3^-$  আয়নের ক্ষেত্রে :  
এসিড ধর্ম :  $\text{HCO}_3^- + \text{NH}_3 \rightleftharpoons \text{NH}_4^+ + \text{CO}_3^{2-}$  (প্রোটন দান)  
ক্ষারকীয় ধর্ম :  $\text{HCO}_3^- + \text{HCl} \rightleftharpoons \text{Cl}^- + \text{H}_2\text{CO}_3$  (প্রোটন গ্রহণ)
৩.  $\text{HSO}_4^-$  আয়নের ক্ষেত্রে :  
এসিড ধর্ম :  $\text{HSO}_4^- + \text{NH}_3 \rightleftharpoons \text{NH}_4^+ + \text{SO}_4^{2-}$  (প্রোটন দান)  
ক্ষারকীয় ধর্ম :  $\text{HSO}_4^- + \text{HCl} \rightleftharpoons \text{Cl}^- + \text{H}_2\text{SO}_4$  (প্রোটন গ্রহণ)
৪.  $\text{HS}^-$  আয়নের ক্ষেত্রে :  
এসিড ধর্ম :  $\text{HS}^- + \text{NH}_3 \rightleftharpoons \text{NH}_4^+ + \text{S}^{2-}$  (প্রোটন দান)  
ক্ষারকীয় ধর্ম :  $\text{HS}^- + \text{HCl} \rightleftharpoons \text{Cl}^- + \text{H}_2\text{S}$  (প্রোটন গ্রহণ)

46. নিচের কোনটি সবচেয়ে স্থিতিশীল কার্বো-ক্যাটায়ন?


(1 point)

- $\text{CH}_3^+$
- $(\text{CH}_3)_2\text{C}^+\text{H}$
- $\text{H}_2\text{C}^+\text{CH}_3$
- $(\text{CH}_3)_3\text{C}^+$

**Explanation:**

কার্বোনিয়াম আয়ন : একক ধনাত্মক চার্জের কার্বন পরমাণুযুক্ত জৈব আয়নকে কার্বোনিয়াম আয়ন বা কার্বোক্যাটায়ন (carbocation) বলে। যেমন, মিথাইল কার্বোনিয়াম আয়ন,  $^+\text{CH}_3$ ; ইথাইল কার্বোনিয়াম আয়ন,  $^+\text{CH}_2\text{CH}_3$ ।  
উৎপত্তি : জৈব অণুস্থিত সিগমা বন্ধনের অসম ভাঙ্গনের ফলে ধনাত্মক চার্জযুক্ত অ্যালকাইল মূলক বা কার্বোনিয়াম আয়ন (carboniumion) সৃষ্টি হয়। যেমন,  
 $\text{H}_3\text{C}-\overset{\ominus}{\text{X}} \longrightarrow \overset{\oplus}{\text{C}}\text{H}_3 + \text{:X}^-$  [এক্ষেত্রে X এর তড়িৎ ঋণাত্মকতা C এর চেয়ে বেশি।]

কার্বোনিয়াম আয়নসমূহের সক্রিয়তা ও স্থায়িত্ব : কার্বোনিয়াম আয়ন ইলেকট্রন ঘাটতি হওয়ায় ইলেকট্রোফাইলরূপে শ্ববই সক্রিয়। কার্বোনিয়াম আয়নসমূহের স্থায়িত্বের ক্রম অ্যালকাইল ফ্রি রেডিকেলের অনুরূপ হয়।



47. 0.01 M NaOH দ্রবণের pH কত?

(1 point)

- 1
- 2
- 12
- 13

**Explanation:**


0.01M NaOH = 0.01M OH<sup>-</sup>

এখানে,  $\text{pOH} = -\text{Log}[\text{OH}^-] = -\text{Log}[0.01] = 2$

আবার,  $\text{pH} = 14 - \text{pOH} = 14 - 2 = 12$

48. নিচের বিক্রিয়ার ক্ষেত্রে বিকারকটি হলো-


(1 point)



- $\text{CH}_3\text{MgI}$
- $\text{CH}_3\text{CH}_2\text{MgI}$
- $\text{CH}_3\text{MgOH}$
- $\text{CH}_3\text{CH}_2\text{MgOH}$

**Explanation:**

(২) গ্রিগনার্ড বিকারক ও হ্যালোজেনেটেড ইথার থেকে : এ পদ্ধতিতে সফলতার সঙ্গে উচ্চতর ইথার সংশ্লেষণ করা সম্ভব। সাধারণত ক্লোরো ইথারের সঙ্গে গ্রিগনার্ড বিকারকের বিক্রিয়া দ্বারা উচ্চতর ইথার প্রস্তুত করা হয়।




49. দহনের ফলে 6 গ্রাম H<sub>2</sub> থেকে কত গ্রাম পানি উৎপন্ন হবে?

(1 point)

- 54 g  
 36 g  
 18 g  
 12 g

**Explanation:**

বিক্রিয়াঃ



এখানে,

{2×(1×2)}g H<sub>2</sub> থেকে পানি উৎপন্ন হয় (2×18)g

=>4g H<sub>2</sub> থেকে পানি উৎপন্ন হয় 36 g

=>6g H<sub>2</sub> থেকে পানি উৎপন্ন হয়=36×6/4=54g

50. তাপমাত্রা চারগুণ করলে একই গ্যাসের বর্গমূল- গড় বর্গবেগ কত হবে?

(1 point)

- এক চতুর্থাংশ  
 অর্ধেক  
 দ্বিগুণ  
 চারগুণ

**Explanation:**

সূত্র,

$$C_{r.m.s} = \sqrt{\frac{3RT}{M}}$$

এখানে , তাপমাত্রা চারগুণ হলে মূল গড় বর্গবেগ দ্বিগুণ হবে।

**বিশেষভাবে মাথায় রাখঃ(একটু পড়ো)**

- নিচে চারটি বিষয়ের MCQ প্রশ্ন রয়েছেঃ Math , Biology , Bangla , English |তুমি উত্তর করবে দুটি বিষয়েরঃ গনিত ও জীববিদ্যা দাগাবে অথবা যেটা তোমার অপশনাল বিষয় সেটা স্কিপ করে বাংলা/ইংরেজি দাগাবে।
- তোমাকে দুটি বিষয় দাগানো যাবে না(ব্লাংক রাখতে হবে)

**উচ্চতর গণিত MCQ অংশ**

51. কোনো বিন্দুতে 3N এবং 4N মানের দুইটি বল লম্বভাবে ক্রিয়ারত হলে (1 point)  
, এদের লব্ধির মান কত?

- 5N  
 3N  
 2N  
 6N

Explanation:

$$R = \sqrt{P^2 + Q^2 + 2PQ \cos \alpha}$$

$$= \sqrt{3^2 + 4^2 + 2 \cdot 3 \cdot 4 \cos 90^\circ}$$

$$= \sqrt{3^2 + 4^2}$$

$$= 5 \text{ N}$$

52. একটি বস্তু 32 ft/s আদিবেগে এবং ভূমির সাথে 30° কোণে নিক্ষেপ করা হলো। বস্তুর ভ্রমণকাল কত? (1 point)

- 1/2 s  
 1 s  
 3/2 s  
 2 s

Explanation:

$$T = \frac{2u \sin \alpha}{g}$$

$$= \frac{2 \times 32 \times \sin 30^\circ}{32}$$

$$= \frac{2 \times 32}{2 \times 32}$$

$$= 1 \text{ s}$$

53.  $\lim_{x \rightarrow \infty} \left(1 + \frac{1}{x}\right)^x$  (1 point)

এর মান কত?

- e
- 1/e
- 2/e
- e

**Explanation:**

সূত্র

54.  $r^2 + 2r \cos\theta = 3$  বৃত্তটির কেন্দ্রের স্থানাঙ্ক নিচের কোনটি?

(1 point)

- (-2,0)
- (-2,1)
- (-1,0)
- (0,-1)

**Explanation:**

$$\begin{aligned} 4) \quad r^2 + 2r \cos\theta &= 3 \\ \Rightarrow (\sqrt{x^2 + y^2})^2 + 2x &= 3 \\ \Rightarrow x^2 + y^2 + 2x - 3 &= 0 \\ \therefore \text{কেন্দ্র } \left(\frac{2}{-2}, 0\right) &= (-1, 0) \end{aligned}$$

55.  $\tan^{-1}x$  ফাংশনটির রেঞ্জ নিচের কোনটি?

(1 point)

- $(-\pi/2, \pi/2)$
- $[-\pi/2, \pi/2]$
- $(-\pi/2, \pi/2]$
- $(0, \pi]$

**Explanation:**

$$\begin{aligned} 5) \quad f(x) = y = \tan^{-1}x \\ \Rightarrow x = \tan y \\ \therefore f^{-1}(x) = \tan x \\ f(x) \text{ ফাংশনের রেঞ্জ} = f^{-1}(x) \text{ ফাংশনের ডোমেইন} \\ \therefore R_{f(x)} = D_{f^{-1}(x)} = \left(-\frac{\pi}{2}, \frac{\pi}{2}\right) \end{aligned}$$

56.  $2\hat{i} + \hat{j} - 2\hat{k}$

(1 point)

ভেক্টর এবং x-অক্ষের মধ্যবর্তী কোণ নিচের কোনটি?

- $\cos^{-1}(2/3)$
- $\cos^{-1}(1/3)$
- $\cos^{-1}(-2/3)$
- $\cos^{-1}(-1/3)$

Explanation:

$$\begin{aligned}\alpha &= \cos^{-1} \frac{Px}{|P|} \\ &= \cos^{-1} \frac{2}{\sqrt{2^2+1+(-2)^2}} \\ &= \cos^{-1} \frac{2}{3}\end{aligned}$$

57.  $3x^2+2ax+2by=c$  সমীকরণটি কী নির্দেশ করে?

(1 point)

- উপবৃত্ত
- অধিবৃত্ত
- পরাবৃত্ত
- বৃত্ত

Explanation:

$$\begin{aligned}57) \quad 3x^2+2ax+2by=c \\ \Rightarrow x^2+\frac{2}{3}ax &= -\left(\frac{2}{3}by-c\right) \\ \Rightarrow x^2+2x\frac{a}{3}+\frac{a^2}{9} &= -\frac{2}{3}by+c+\frac{a^2}{9} \\ \Rightarrow \left(x+\frac{a}{3}\right)^2 &= -\frac{2b}{3}\left[y-\left(\frac{3c}{2b}+\frac{a^2}{6b}\right)\right]\end{aligned}$$

$\downarrow$   $X^2 = 4a$        $\downarrow$   $Y$

58.  $1/2 \geq |x-1|$  অসমতাটির সমাধান সেট কোনটি?

(1 point)

- $1/2 \leq x < \infty$
- $-\infty < x \leq 1/2$
- $0 \leq x < \infty$

●  $1/2 \leq x \leq 3/2$

Explanation:

$$\text{৪) } \frac{1}{2} \geq |x-1|$$

$$\Rightarrow |x-1| \leq \frac{1}{2}$$

$$\Rightarrow -\frac{1}{2} \leq x-1 \leq \frac{1}{2}$$

$$\Rightarrow -\frac{1}{2} + 1 \leq x \leq \frac{1}{2} + 1$$

$$\Rightarrow \frac{1}{2} \leq x \leq \frac{3}{2}$$

59.  $(2-i)/i = x+iy$  হলে  $x-iy = ?$

(1 point)

$1-2i$

$-1-2i$

$1+2i$

●  $-1+2i$

Explanation:

$$\cancel{\#} \frac{2-i}{i} = x+iy$$

$$\Rightarrow \frac{i(2-i)}{i^2} = x+iy$$

$$\Rightarrow x+iy = -(2i-i^2)$$

$$\Rightarrow x+iy = -(2i-(-1))$$

$$\Rightarrow x+iy = -1-2i$$

$$\therefore x-iy = -1+2i$$

60.  $x+2y+7=0$  রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিতাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কত?


(1 point)

- (-7,-7)
- (-7/2,-7/2)
- (-7/2,-7/4)
- (7,0)

**Explanation:**

$$10) x+2y=-7$$

$$\Rightarrow \frac{x}{-7} + \frac{y}{(-7/2)} = 1$$




$$\therefore \text{মধ্যবিন্দু} \left( \frac{-7+0}{2}, \frac{(-7/2)+0}{2} \right)$$

$$= \left( \frac{-7}{2}, -\frac{7}{4} \right)$$

61. যদি  $\sin \alpha = 5/13$  এবং  $0 < \alpha < \pi/2$  হয়, তবে  $\tan \alpha$  এর মান কত? (1 point)

- 5/12
- 5/12
- 12/13
- 12/13

**Explanation:**



$$\therefore \tan \alpha = \frac{5}{12}$$

62.  $f(x) = \sqrt{9-x^2}$  ফাংশনটির ডোমেন কত? (1 point)

- [-4,3]
- [-4,4]

[-3,3]

[0,3]

Explanation:

$$12) 9 - x^2 \geq 0$$

$$\Rightarrow (3-x)(3+x) \geq 0$$



$$\therefore D_f = [-3, 3]$$

63.  $\int \frac{dx}{e^x + e^{-x}} = ? + C$

(1 point)

